

ইন্টারনেট ব্যান্ডউইথ ক্যাপাসিটি বাড়বে সাড়ে ৬ গুণ

নিজস্ব প্রতিবেদক | আপডেট: ০৬:২১ অপরাহ্ন, ০৪ জুন ২০১৫, বৃহস্পতিবার

ডিজিটাল বাংলাদেশের রূপরেখা বাস্তবায়নে বাংলাদেশের ইন্টারনেট ব্যান্ডউইথ ক্যাপাসিটি সাড়ে ৬ গুণ বাড়ানোর ঘোষণা দিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। বৃহস্পতিবার ২০১৫-১৬ সালের বাজেট প্রস্তাব পেশ করার সময় তিনি এ ঘোষণা দেন তিনি।

লিখিত বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, ইতিমধ্যে দেশের সব জেলার ১০০৬ টি ইউনিয়নের প্রায় ১১ হাজার কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন করা হচ্ছে। শিগগিরই দ্বিতীয় সাবমেরিন কেবল যুক্তের মাধ্যমে আমাদের ব্যান্ডউইথ ক্যাপাসিটি ২০০ গিগা বাইট পার সেকেন্ড (জিবিপিএস) থেকে ১ হাজার ৩০০ জিবিপিএসে উন্নীত করা হবে।

এছাড়াও ২০১৬ সালের মধ্যে বঙ্গবন্ধু স্যাটেলাইট- ১ উৎক্ষেপণের স্লট নির্ধারণ ও ২০১৭ সালের মধ্যে দেশে সাড়ে ৮ হাজার পোস্ট-ই-সেন্টার চালুর কার্যক্রমের আশা প্রকাশ করেন তিনি।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের জন্য বাজেটে ৩ হাজার ৫৮৭ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করেছেন তিনি।

এর আওতায় দেশের ১২টি জেলায় আইটি ভিলেজ স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান আবুল মাল আবদুল মুহিত।